দৈনিক জনকণ্ঠ

তারিখ AUG. 27 1998
পৃষ্ঠা ১ ৫

# মেয়েরা ভাল করেছে ছেলেদের তুলনায়

মামুন অর রশিদ ॥ দেশের পাঁচ শিক্ষাবোর্ডের চলতিবছরের এইচএসসি পরীক্ষার ফল সামগ্রিক বিচারে ছেলেদের তুলনায় মেয়েরা এগিয়ে রয়েছে। ঐ বছর মেয়েদের পাসের হার শতকরা ৫৪ ভাগ। পক্ষান্তরে ছেলেদের পাসের হার ৫২ ভাগ। শ্রেণীকক্ষের দু'বছরব্যাপী প্রতিদ্বন্দ্বিতায় শেষ ফলাফলে মেয়েরাই বিজয়ী হলেও প্রথম বিভাগের ক্ষেত্রে তারা পিছিয়ে আছে। মেধা তালিকায় চট্টগ্রাম ও রাজশাহী বোর্ডের মেয়েরা এগিয়ে রয়েছে। তবে

(১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## মেয়েরা ভাল করেছে

*(প্রথম পাতার পর)*

অন্য তিনটি বোর্ডে ছেলেদের একক প্রাধান্য লক্ষ্য করা গেছে। এবারের ফলে দেখা গেছে অখ্যাত কোন প্রতিষ্ঠান থেকে আচমকা কেউ ভাল ফল দেখাতে পারেনি। যথারীতি দেশের নামী শিক্ষা প্রতিষ্ঠানগুলো ফলের ক্ষেত্রে এগিয়ে রয়েছে। ক্যাডেট কলেজগুলোর একচেটিয়া প্রাধান্য লক্ষ্য করা গেছে।

দেশের পাঁচটি শিক্ষাবোর্ডে এবছর তিন লাখ ২০ হাজার তিন শ' ৩৫ ছাত্র এইচএসসি পরীক্ষায় অংশ নিয়েছে। মোট পাস করেছে এক লাখ ৬৮ হাজার ৬শ' ৫৯ জন। এই পাসের হার শতকরা ৫২ ভাগ। পক্ষান্তরে পাঁচ শিক্ষাবোর্ডে একলাখ ৯৯ হাজার তিন শ' ১৪ ছাত্র অংশ নিয়ে পাস করেছে এক লাখ ৯ হাজার এক শ' ৮ জন। মেয়েদের ক্ষেত্রে পাসের হার শতকরা ৫৪ ভাগ।

ফল বিশ্লেষণ করে দেখা গেছে, পাঁচ বোর্ডে বিজ্ঞান বিভাগে ৭৭ হাজার ৯শ' ৬৭ ছাত্র অংশ নিয়েছে। প্রথম বিভাগ পেয়েছে ২১ হাজার ৫শ' ৩০ জন, দ্বিতীয় বিভাগ ২৭ হাজার ৭৫ জন এবং তৃতীয় বিভাগ এক হাজার ৬শ' ৫০ জন। পক্ষান্তরে পাঁচ বোর্ডে বিজ্ঞান বিভাগে পরীক্ষা দিয়েছে ২৩ হাজার ৪শ' ৭৯ ছাত্রী। প্রথম বিভাগ পেয়েছে ৯ হাজার ৭শ' ২ জন, দ্বিতীয় বিভাগ ৬ হাজার ৭শ' ৯ জন এবং তৃতীয় বিভাগে ২শ' ৮১ জন। মানবিক বিভাগে মোট অংশ নিয়েছে একলাখ ৭২ হাজার ৫০ ছাত্র। প্রথম বিভাগ পেয়েছে ১০ হাজার ৯শ' ৩৯ জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ৫৪ হাজার ৭শ' ৯০ জন, তৃতীয় বিভাগ পেয়েছে ১১ হাজার ৩শ' ৭৮ জন, অন্যদিকে মানবিক বিভাগে অংশ নিয়েছে এক লাখ ৬১ হাজার ৪শ' ২৭ ছাত্রী, প্রথম বিভাগ পেয়েছে ১৪ হাজার ৮শ' ১৬ জন, দ্বিতীয় বিভাগে ৫৮ হাজার ৮শ' ৮৮ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে ১০ হাজার ২৯ জন।

বাণিজ্য বিভাগে অংশ নিয়েছে মোট ৭০ হাজার তিন শ' ১৮ ছাত্র, এদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ৮ হাজার ৪শ' ২জন, দ্বিতীয় বিভাগ পেয়েছে ২৭ হাজার ৪শ' ১২ জন এবং তৃতীয় বিভাগ পেয়েছে ৫ হাজার এক শ' ৮৩ জন, পাঁচ বোর্ডে বাণিজ্য বিভাগে মোট ছাত্রী অংশ নিয়েছে ১৪ হাজার ৪শ' ৮ জন, এদের মধ্যে মাত্র দু' হাজার তিন শ' পাঁচ জন প্রথম বিভাগ, পাঁচ হাজার পাঁচ শ' ৯৫ জন দ্বিতীয় বিভাগ এবং ছ'শ' ৯৬ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়েছে।

ফল বিশ্লেষণ করে দেখা গেছে প্রথম বিভাগে উত্তীর্ণের সংখ্যা খুবই কম। তিন লাখ ২০ হাজার তিন শ' ৩৫ ছাত্রের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে মাত্র ৪০ হাজার ৮শ' ৭১ জন। আর মেয়েদের মধ্যে পরীক্ষায় অংশ নিয়েছে এক লাখ ৯৯ হাজার তিন শ' ১৪জন। এদের মধ্যে প্রথম বিভাগ পেয়েছে ২৬ হাজার ৮শ' ২৩ জন। এবার পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে তাদের অধিকাংশই দ্বিতীয় বিভাগ পেয়েছে।

ঢাকা বোর্ডে এবার সবচেয়ে বেশি ভাল করেছে নটরডেম কলেজ। এর সঙ্গে রয়েছে ঢাকা কলেজ, সিটি কলেজ, ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজ। কুমিল্লা বোর্ডে কুমিল্লা ক্যাডেট কলেজ, সিলেট ক্যাডেট কলেজ, জুরানপুর আদর্শ কলেজ, অধ্যাপক আবদুল মজিদ কলেজ, যশোর বোর্ডে বরিশাল ক্যাডেট কলেজ ও ঝিনাইদহ ক্যাডেট কলেজ, চট্টগ্রামে চট্টগ্রাম কলেজ একচেটিয়া স্থান দখল করেছে। এছাড়া ইস্পাহানি কলেজ ও ফৌজদারহাট ক্যাডেট কলেজ ভাল করেছে। রাজশাহীতে রংপুর ক্যাডেট কলেজ বিজ্ঞানে একচেটিয়া স্থান অধিকার করেছে। রাজশাহী বোর্ডের বিজ্ঞান বিভাগের মেধা তালিকায় মেয়েদের কেউ স্থান পায়নি।